

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২১৪

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ التَّالِثُ

## আরবী

وَعَنْ جَابِرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عَلَيْهِ وسم: «إِنَّ أَخْوَفَ مَا أَتَخَوَّفُ عَلَى أُمَّتِي الْهَوَى وَطُولُ الْأَمَلِ فَأَمَّا الْهَوَى فَيَصُدُّ عَنِ الْحَقِّ وَأَما طول الأمل فيُنسي الْآخِرَةَ وَهَذهِ الدُّنيَا مُرْتَحِلَةٌ ذَاهِبَةٌ وَهَذهِ الْآخِرَةُ مُرْتَحِلَةٌ قَادِمَةٌ وَلِكُلِّ وَاحِدَةٍ فيُنسي الْآخِرَةَ وَهَذهِ الدُّنيَا فَافْعَلُوا فَإِنَّكُمُ الْيَوْمَ فِي دَارِ الْعَمَلِ وَلَا عَمَلَ وَاللهُ عَمَلَ وَاللهُ عَمَلَ وَاللهُ عَمَلَ وَاللهُ عَمَلَ وَاللهُ عَمَلَ وَاللهُ وَاللهُ عَمَلَ وَاللهُ وَاللهُ وَلا عَمَلَ وَاللهُ الْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَان»

اسناده ضعیف جذا ، رواه البیهقی فی شعب الایمان (10616 ، نسخۃ محققۃ : 10132 \* فیہ علی بن ابی علی اللهبی : منکر الحدیث متروک ۔ (ضَعیف)

#### বাংলা

৫২১৪-[৬০] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আমি আমার উন্মতের ওপর দু' ব্যাপারে খুব বেশি ভয় করি। প্রবৃত্তির কামনা আর দীর্ঘ হায়াতের আকাজ্জা। অতঃপর প্রবৃত্তি সত্য থেকে বাধা দেয় আর দীর্ঘ আকাজ্জা পরকালকে ভুলিয়ে দেয়। এই যে দুনিয়া! এটা প্রবহমান প্রস্থানকারী এবং ঐ আথিরাত! তা প্রবহমান আগমনকারী। আর এদের প্রত্যেকটির সন্তানাদিও রয়েছে। অতএব যদি তোমার সাধ্য হয়, দুনিয়ার সন্তান না হওয়ার তোমাদের সাধ্যে কুলায় তবে তাই করো। কেননা আজ তোমরা 'আমলের গৃহে রয়েছ, (এখানে কোন হিসাব-কিতাব নেই) আর আগামীকাল তোমরা পরকালের অধিবাসী হবে, আর তথায় কোন 'আমল নেই। (বায়হাকী'র শুআবুল ঈমান)

# ফুটনোট



যঈফ: আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১০৬১৬, সানাদে মুনকাদির ইবনু মুহাম্মাদ য'ঈফ, আর 'আলী ইবনু আবূ 'আলী আল লাহবীও য'ঈফ। ফাতহুল বারী ১১/২০২, হিদায়াতুর রুওয়াত রুওয়াতি ৫/২৩ পূ.।

### ব্যাখ্যা

ব্যাখ্যা : নফস্ বা প্রবৃত্তির খাহেশাত অনেকটাই মানুষের প্রকৃতিগত স্বভাব। এটা যখন বিপথে পরিচালিত হয় তখন সেটা হয় নিন্দনীয় এবং আল্লাহর অনভিপ্রেত, দীর্ঘ আশাও মানুষের স্বভাবজাত প্রবৃত্তি। এটাও যখন হয় হিদায়াত শূন্য এবং দুনিয়ার ভোগ-বিলাস সর্বস্ব তখন সেটাও হয় নিন্দনীয়।

রাসূলুল্লাহ (সা.) -এর বাণী : (فَإِنَّكُمُ الْيَوْمَ فِي دَارِ الْعَمَلِ) "তোমরা আজ 'আমলের ঘরে রয়েছে।" অর্থাৎ দুনিয়ায় আজ তোমরা এমন অবস্থানে রয়েছে যে, আখিরাতে তোমাদের নিকট এই দিনের 'মাল তলব করা হবে। অতএব দুনিয়ার দায়িত্ব পালনের জায়গা মৃত্যু আসার আগেই গ্রহণ কর। তোমার অবস্থান দুনিয়ায় এক ঘণ্টা মাত্র, তাই উচিত তাকে আল্লাহর ইবাদতে ব্যয় করা ।

হাদীসের বাণী: "আগামীকাল তোমরা এমন ঘরে যাবে যেখানে কোন 'আমাল নেই।" আগামীকালের ঘর হলো আখিরাতের ঘর। সেখানে হিসাব দিয়ে সাওয়াব অথবা শাস্তি গ্রহণ করতে হবে। সেখানে কোন 'আমল করার সুযোগ নেই। আল্লামাহ্ ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, এ দৃষ্টান্ত দ্বারা দুনিয়ার তুচ্ছতা এবং দ্রুত ধ্বংস হওয়ার প্রতি ইশারা করা হয়েছে। পক্ষান্তরে আখিরাতের প্রতি তা'যীম ও প্রস্তুতির প্রতি উৎসাহিত করা হয়েছে। কেননা আখিরাতের ঘর চিরস্থায়ী এবং চির সুন্দর। (মিরকাতুল মাফাতীহ; আল কাশিফ আন্ হাকায়িকিস্ সুনান ১০ম খণ্ড, ৩৩০২ পূ., লু'আতুত্ তানকীহ ৮ম খণ্ড, ৪৪২ পূ.)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন